# বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান আইন, ২০১৭

( ২০১৭ সনের ৮ নং আইন )

**Bangladesh Unnayan Gobeshona Protishthan Act, 1974 রহিতক্রমে পরিমার্জনপূর্বক সময়োপযোগী করিয়া উহা পুনঃপ্রণয়নের উদ্দেশ্যে প্রণীত আইন**

যেহেতু উন্নয়ন অর্থনীতি, জনসংখ্যাতত্ত্ব ও অন্যান্য সামাজিক বিজ্ঞান এবং প্রাসঙ্গিক বিষয়ে অনুসন্ধান, গবেষণা পরিচালনা ও জ্ঞান বিস্তারের জন্য একটি প্রতিষ্ঠান প্রতিষ্ঠা এবং তদ্‌সংশ্লিষ্ট বিষয়ে বিধান প্রণয়ন করিবার লক্ষ্যে Bangladesh Unnayan Gobeshona Protishthan Act, 1974 (Act No. XXIX of 1974) রহিতক্রমে পরিমার্জনপূর্বক সময়োপযোগী করিয়া উহা পুনঃপ্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

**সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**

১। (১) এই আইন বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান আইন, ২০১৭ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

**সংজ্ঞা**

২। বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই আইনে-

(১) "কমিটি" অর্থ এই আইনের ধারা ১২ এর অধীন গঠিত কোন কমিটি;

(২) "চেয়ারম্যান" অর্থ বোর্ডের চেয়ারম্যান;

(৩) "প্রতিষ্ঠান" অর্থ ধারা ৩ এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান;

(৪) "প্রবিধান" অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধান;

(৫) "বিধি" অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;

(৬) "বোর্ড" অর্থ ধারা ৭ এর অধীন গঠিত বোর্ড;

(৭) "মহাপরিচালক" অর্থ ধারা ৯ এ উল্লিখিত প্রতিষ্ঠানের মহাপরিচালক;

(৮) "তহবিল" অর্থ ধারা ২০ এ উল্লিখিত তহবিল;

(৯) "সচিব" অর্থ ধারা ১০ এ উল্লিখিত প্রতিষ্ঠানের সচিব;

(১০) "সভাপতি" অর্থ সংশ্লিষ্ট কমিটির সভাপতি; এবং

(১১) "সিনিয়র ফেলো" অর্থ ধারা ১৯ এ উল্লিখিত সিনিয়র ফেলো।

**প্রতিষ্ঠান প্রতিষ্ঠা**

৩। (১) Bangladesh Unnayan Gobeshona Protishthan Act, 1974 (Act No. XXIX of 1974) এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান এমনভাবে বহাল থাকিবে যেন উহা এই আইনের অধীন প্রতিষ্ঠিত হইয়াছে।

(২) প্রতিষ্ঠান একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং উহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সীলমোহর থাকিবে এবং উহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করিবার, অধিকারে রাখিবার ও হস্তান্তর করিবার ক্ষমতা থাকিবে এবং উহা স্বীয় নামে মামলা দায়ের করিতে পারিবে এবং উহার বিরুদ্ধেও মামলা দায়ের করা যাইবে।

**প্রতিষ্ঠানের কার্যালয়**

৪। প্রতিষ্ঠানের প্রধান কার্যালয় ঢাকায় থাকিবে এবং প্রতিষ্ঠান, প্রয়োজনবোধে, সরকারের পূর্বানুমোদনক্রমে, বাংলাদেশের যে কোন স্থানে উহার শাখা কার্যালয় স্থাপন করিতে পারিবে।

**প্রতিষ্ঠানের পরিচালনা ও প্রশাসন**

৫। প্রতিষ্ঠানের পরিচালনা ও প্রশাসন বোর্ডের উপর ন্যস্ত থাকিবে এবং প্রতিষ্ঠান যে সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করিতে পারিবে বোর্ডও সেই সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করিতে পারিবে।

**প্রতিষ্ঠানের ক্ষমতা ও কার্যাবলী**

৬। প্রতিষ্ঠানের ক্ষমতা ও কার্যাবলী হইবে নিম্নরূপ, যথা:-

(ক) উন্নয়ন অর্থনীতি, জনসংখ্যাতত্ত্ব ও অন্যান্য সামাজিক বিজ্ঞান বিষয়ক জাতীয় উন্নয়ন ও সামাজিক কল্যাণমূলক পরিকল্পনা গ্রহণ এবং ইহার অগ্রগতি সাধনের জন্য অনুশীলন, গবেষণা ও এতদ্‌সংক্রান্ত জ্ঞান বিস্তারের প্রতিনিধিত্বকারী সংস্থা হিসাবে কার্যনির্বাহ করা;

(খ) পরিকল্পনা ও নীতি প্রণয়ন এবং উহার বাস্তবায়নে সহায়তা প্রদানের উদ্দেশ্যে তথ্য সংগ্রহ, অনুসন্ধান পরিচালনা এবং গবেষণা সমীক্ষা পরিচালনা করা;

(গ) অর্থনীতি, জনসংখ্যাতত্ত্ব ও অন্যান্য সামাজিক বিজ্ঞান বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী প্রদান করা এবং প্রশিক্ষণ প্রদানের জন্য সুযোগ-সুবিধা সৃষ্টি করা;

(ঘ) অর্থনীতি, জনসংখ্যাতত্ত্ব ও অন্যান্য সামাজিক বিজ্ঞান বিষয়ে আধুনিক গবেষণা কৌশল ও পদ্ধতি সম্পর্কে তথ্য সরবরাহ ও পরামর্শ প্রদান করা;

(ঙ) অর্থনীতি, জনসংখ্যাতত্ত্ব ও অন্যান্য সামাজিক বিজ্ঞান বিষয়ে জাতীয় উন্নয়ন ও সামাজিক কল্যাণ সম্পর্কিত জরিপ, পরীক্ষা-নিরীক্ষা, প্রদর্শনী পরিচালনা, সভা অনুষ্ঠান এবং বক্তৃতা, সেমিনার, আলোচনা অধিবেশন আয়োজন করা, যাহা পরবর্তীতে সমীক্ষা হিসাবে নির্দেশিত হইবে;

(চ) সমীক্ষা সংক্রান্ত পুস্তক, সাময়িকী, প্রতিবেদন এবং গবেষণা ও কার্যপত্র প্রকাশ করা;

(ছ) স্ব-উদ্যোগে কিংবা সরকারি বা অন্য কোন প্রতিষ্ঠানের পক্ষে বা উহাদের সহিত যৌথভাবে সমীক্ষার মাঠ-কর্মসহ অনুসন্ধান কার্যক্রমের দায়িত্ব গ্রহণ করা;

(জ) পরস্পর সহযোগিতামূলক গবেষণা, সেমিনার আয়োজন ও সফর বা অন্য কোন কার্যক্রমের মাধ্যমে বা কার্যক্রমের জন্য বিদেশী পণ্ডিত, গবেষকগণকে বিশেষজ্ঞ হিসাবে আনয়ন বা প্রেরণ করা বা তাহাদের গবেষণা কর্মের সহিত সম্পর্ক প্রতিষ্ঠা করা এবং বজায় রাখা;

(ঝ) গ্রন্থাগার ও পাঠকক্ষ এবং কম্পিউটার, প্রিন্টার, ইন্টারনেট সার্ভার, প্রজেক্টর, ফটোকপিয়ার, স্ক্যানারসহ বিভিন্ন গবেষণা ও দাপ্তরিক উপকরণ এবং অন্যান্য উৎপাদনক্ষম যন্ত্রপাতি যথাযথ কার্যক্ষম রাখার জন্য রক্ষণাবেক্ষণ করা;

(ঞ) গবেষণায় পেশাদার কর্মীদের জন্য জাতীয় গবেষণা, ফেলোশীপসহ বিভিন্ন শ্রেণীর রিসার্চ এ্যাসোসিয়েটশিপ, ফেলোশিপ প্রবর্তন করা;

(ট) গবেষণার বিভিন্ন ক্ষেত্রে প্রতিষ্ঠানের কার্যক্রম দক্ষ ও যথাযথ পরিচালনার উদ্দেশ্যে বিভিন্ন সময়ে প্রতিষ্ঠানের মধ্যে বিভিন্ন অধিশাখা, বিভাগ, শাখা, কেন্দ্র ও অন্যান্য ইউনিট সৃষ্টি করা;

(ঠ) প্রদেয় সেবার বিনিময়ে এনডাওমেন্ট, উপহার, দান, মঞ্জুরি, পারিশ্রমিক, ইত্যাদি গ্রহণ করা; এবং

(ড) প্রয়োজনীয় ও আনুষঙ্গিক সকল বা যে কোন কার্যক্রম গ্রহণ করা।

**বোর্ড**

৭। (১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে বোর্ড গঠিত হইবে, যথা :-

(ক) মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়, পদাধিকারবলে, যিনি উহার চেয়ারম্যানও হইবেন;

(খ) বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অথবা তদ্‌কর্তৃক মনোনীত ১(এক) জন সদস্য;

(গ) গভর্নর, বাংলাদেশ ব্যাংক;

(ঘ) সচিব, পরিকল্পনা বিভাগ;

(ঙ) সচিব, অর্থ বিভাগ;

(চ) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;

(ছ) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ (জিইডি), পরিকল্পনা কমিশন;

(জ) মহাপরিচালক, যিনি উহার সদস্য-সচিবও হইবেন;

(ঝ) মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড;

(ঞ) সিনিয়র ফেলোবৃন্দের মধ্য হইতে বোর্ড কর্তৃক মনোনীত ২(দুই) জন সিনিয়র ফেলো;

(ট) নীতি সমন্বয় কমিটির সুপারিশক্রমে প্রতিষ্ঠানের মহাপরিচালক কর্তৃক মনোনীত প্রতিষ্ঠানের সিনিয়র রিসার্চ ফেলো পদমর্যাদার নিম্নে নহে এইরূপ ৩(তিন) জন রিসার্চ স্টাফ সদস্য; এবং

(ঠ) রাষ্ট্রপতি কর্তৃক মনোনীত ১(এক) জন সদস্য।

(২) উপ-ধারা (১) এর দফা (ঞ) ও (ট) তে বর্ণিত সদস্য ৩ (তিন) বৎসরের জন্য মনোনীত হইবে।

**বোর্ডের সভা, ইত্যাদি**

৮। (১) এই ধারার অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, বোর্ড উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(২) বোর্ডের সভার আলোচ্যসূচী, তারিখ, সময় ও স্থান চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত হইবে এবং চেয়ারম্যানের অনুমতিক্রমে মহাপরিচালক সকল সভা আহবান করিবেন।

(৩) চেয়ারম্যান বোর্ডের সকল সভায় সভাপতিত্ব করিবেন এবং যদি কোন কারণে চেয়ারম্যানের পদ শূন্য হয় অথবা চেয়ারম্যান বোর্ড সভায় উপস্থিত থাকিতে অক্ষম হন, তাহা হইলে সভায় উপস্থিত সদস্যগণ কর্তৃক তাহাদের মধ্য হইতে মনোনীত সদস্য সভাপতিত্ব করিবেন।

(৪) বোর্ডের সভায় প্রত্যেক সদস্যের একটি করিয়া ভোট থাকিবে এবং ভোটের সমতার ক্ষেত্রে, সভাপতিত্বকারীর দ্বিতীয় বা নির্ণায়ক ভোট থাকিবে।

(৫) অন্যূন ৫(পাঁচ) জন সদস্যের উপস্থিতিতে সভার কোরাম হইবে, তবে মুলতবি সভার ক্ষেত্রে কোরামের প্রয়োজন হইবে না।

(৬) প্রতি ৬(ছয়) মাসে বোর্ডের কমপক্ষে একটি সভা অনুষ্ঠিত হইবে।

(৭) সদস্য পদে কোন শূন্যতা অথবা বোর্ড গঠনে কোন ত্রুটির কারণে বোর্ডের কোন কার্য বা কার্যধারা অবৈধ হইবে না অথবা তদ্‌সম্পর্কে কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

**মহাপরিচালক**

৯। (১) প্রতিষ্ঠানের একজন মহাপরিচালক থাকিবেন, যিনি বোর্ড কর্তৃক নির্ধারিত শর্তে ৩ (তিন) বৎসরের জন্য নিযুক্ত হইবেন: তবে তিনি অতিরিক্ত আরো ১(এক) মেয়াদের জন্য পুনঃনিয়োগের যোগ্য হইবেন।

(২) মহাপরিচালক প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী হইবে এবং তিনি -

(ক) বোর্ড কর্তৃক প্রদত্ত ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করিবেন; এবং

(খ) বোর্ডের যাবতীয় সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়ী থাকিবেন।

(৩) মহাপরিচালকের পদ শূন্য হইলে কিংবা অনুপস্থিতি, অসুস্থতা বা অন্য কোন কারণে মহাপরিচালক তাহার দায়িত্ব পালনে অসমর্থ হইলে উক্ত শূন্য পদে নব নিযুক্ত মহাপরিচালক কার্যভার গ্রহণ না করা পর্যন্ত কিংবা মহাপরিচালক পুনরায় স্বীয় দায়িত্ব পালনে সমর্থ না হওয়া পর্যন্ত, বোর্ড, মহাপরিচালকের দায়িত্ব পালনের লক্ষ্যে তদ্‌বিবেচনায় যথাযথ ব্যবস্থা গ্রহণ করিবে।

**সচিব**

১০। (১) প্রতিষ্ঠানের একজন সচিব থাকিবে যিনি বোর্ড কর্তৃক নির্ধারিত শর্তে নিযুক্ত হইবেন।

(২) সচিব তাহার কর্মকাণ্ডের জন্য মহাপরিচালক এর নিকট দায়ী থাকিবেন এবং মহাপরিচালক ও কমিটিসমূহকে তাহাদের দায়িত্ব পালনে সহায়তা করিবেন।

(৩) সচিব বোর্ড বা মহাপরিচালক কর্তৃক সময় সময় প্রদত্ত দায়িত্বও পালন করিবেন।

**প্রতিষ্ঠানের কর্মচারী নিয়োগ, ইত্যাদি**

১১। প্রতিষ্ঠান, ইহার কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনের উদ্দেশ্যে, সরকার কর্তৃক অনুমোদিত সাংগঠনিক কাঠামো সাপেক্ষে, প্রয়োজনীয় সংখ্যক কর্মচারী নিয়োগ করিতে পারিবে এবং তাহাদের চাকরির শর্তাবলী প্রবিধান দ্বারা নির্ধারিত হইবে।

**কমিটি**

১২। এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে প্রতিষ্ঠান নিম্নবর্ণিত কমিটিসমূহ গঠন করিতে পারিবে, যথা:-

(ক) নীতি সমন্বয় কমিটি;

(খ) প্রশাসন বিষয়ক কমিটি;